ভোরের কাগজ

JUN. 29 2002

ল'স্টুডেন্টস ফেডারেশনের অভিযোগ

# বর্তমানে শিক্ষাঙ্গণসমূহে চলছে সন্ত্রাস ও দখলের রাজনীতি

টগ্রাম অফিস : বাংলাদেশ ল'স্টুডেন
ফেডারেশন নেতৃবৃন্দ অভিযোগ করেছে
র্তমান জোট সরকার ক্ষমতায় আসার
থকে দেশের প্রতিটি শিক্ষাঙ্গণে শিক্ষ
রিবেশ দিন দিন বিনষ্ট হচ্ছে। প্রতি
শিক্ষাঙ্গণে চলছে সন্ত্রাস ও দখলে
রাজনীতি।

গত সোমবার সকালে চট্টগ্র
প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এ
অভিযোগ করা হয়। সম্মেলনে লিখি
বক্তব্য উপস্থাপন করেন ল' স্টুডেন
ফেডারেশন চট্টগ্রাম আইন কলেজ শাখ
সভাপতি আবুল বশর। সম্মেলনে চন্দ
তালুকদার, মোহাম্মদ কায়সার
ফেডারেশনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলে
সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, বিগ
একদশকে চট্টগ্রাম আইন কলেজে সন্ত্রাসে
কারণে একদিনের জন্যও শিক্ষা কার্যক্র
বন্ধ থাকেনি। কিন্তু বর্তমান জোট সরক
ক্ষমতায় আসার পর সারাদেশের মতো এ
কলেজেও শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

নেতৃবৃন্দ অভিযোগ করেন, গত ২ জ
চট্টগ্রাম আইন কলেজ ছাত্রসংসদ কার্যাল
ছাত্রদল ও শিবির বঙ্গবন্ধুর ছবি
কলেজের আসবাবপত্র ভাঙচুর এ
মূল্যবান কাগজপত্র তছনছ ও লুটপ
করে। কিন্তু পরে তারা এ ঘটনার জ
ফেডারেশনের নেতৃবৃন্দকে দায়ী করে মি
মামলা দায়ের করে। নেতৃবৃন্দ অবিলম্বে
মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানান।